রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১০, ১৯৯৬

PEPZ Act

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১০ই সেপ্টেম্বর, ১৯৯৬/২৬শে ভাদ্র, ১৪০৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৯ই সেপ্টেম্বর, ১৯৯৬ (২৫শে ভাদ্র, ১৪০৩) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

১৯৯৬ সনের ২০ নং আইন

রপ্তানীমুখী শিল্প স্থাপনের জন্য বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।

যেহেতু রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান এবং উহার উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ এবং তৎসম্পর্কিত প্রাসংগিক অন্যান্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই আইন বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "অনুমতি পত্র" অর্থ ধারা ১০(১) এর অধীন প্রদত্ত অনুমতি পত্র;

(খ) "উদ্যোক্তা কোম্পানী" অর্থ জোন প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনকৃত কোন কোম্পানী, যাহাকে ধারা ১০ এর অধীন জায়গা নির্বাচন করার অনুমতি পত্র প্রদান করা হইয়াছে বা ধারা ১১ এর অধীন লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে;

মূল্য: টাকা ৩.০০

(গ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান ;

(ঘ) "জোন" অর্থ রপ্তানীমুখী শিল্প স্থাপনের জন্য ধারা ১১ এর অধীন ঘোষিত কোন বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল ;

(ঙ) "নির্বাহী সেল" অর্থ ধারা ৬ এর অধীন স্থাপিত বোর্ডের নির্বাহী সেল ;

(চ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান ;

(ছ) "পরিচালক মন্ডলী" অর্থ সংশিলষ্ট উদ্যোক্তা কোম্পানীর পরিচালনা পর্ষদ ;

(জ) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন গঠিত গভর্ণর বোর্ড ;

(ঝ) "মহা-পরিচালক" অর্থ নির্বাহী সেল এর মহা-পরিচালক ;

(ঞ) "লাইসেন্স" অর্থ ধারা ১১(২) এর অধীন মঞ্জুরীকৃত কোন লাইসেন্স ;

(ট) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

৩। গভর্ণর বোর্ড।— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত গভর্ণর বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথা ঃ—

(ক) চেয়ারম্যান;

(খ) শিল্প, বাণিজ্য, অর্থ, বন্দর ও নৌ-পরিবহন, জ্বালানী এবং ভূমি মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীগণ, পদাধিকারবলে;

(গ) শিল্প, বাণিজ্য, অর্থ, পরিকল্পনা, পররাষ্ট্র, জ্বালানী, বন্দর ও নৌ-পরিবহন পরিবেশ এবং অভ্যন্তরীণ সম্পদ মন্ত্রণালয় বা বিভাগের সচিবগণ, পদাধিকারবলে;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের গভর্ণর, পদাধিকারবলে;

(ঙ) বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে;

(চ) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, পদাধিকারবলে;

(ছ) নির্বাহী সেলের মহা-পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী অথবা তৎকর্তৃক মনোনীত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, বোর্ডের চেয়ারম্যান হইবেন।

(৩) বোর্ড, প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন ব্যক্তিকে, প্রজ্ঞাপনে উল্লিখিত উদ্দেশ্য ও মেয়াদের জন্য, সদস্য হিসাবে যে কোন সময় কো-অপট করিতে পারিবে।

৪। বোর্ডের ক্ষমতা, ইত্যাদি।— (১) বোর্ডের নিম্নরূপ ক্ষমতা থাকিবে, যথা ঃ—

(ক) জোন ঘোষণা, জোনের উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ বিষয়ক নীতি প্রণয়ন করা;

(খ) জোনের পরিচালনা, প্রশাসন, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ সম্পর্কিত উদ্যোক্তা কোম্পানীর কর্ম-কাণ্ড পর্যালোচনা করা;

(গ) জোন প্রতিষ্ঠার লাইসেন্স মঞ্জুর করা।

(২) উপ-ধারা (১) এর অধীন বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ সরকার কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র বা মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ নির্বাহী সেল, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন কোন প্রজ্ঞাপন জারী করা হইলে, উহাতে উল্লিখিত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ সংশ্লিষ্ট সকলে এমনভাবে অনুসরণ করিবে যেন উক্ত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক, ক্ষেত্রমত, প্রণয়ন, প্রদান, মঞ্জুর বা জারী করা হইয়াছে এবং উহাদের বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক কোন আনুষ্ঠানিক অনুমোদনের প্রয়োজন হইবে না।

৫। **বোর্ডের সভা**।—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে বোর্ডের সচিব বোর্ডের সভা আহ্বান করিবেন এবং এইরূপ সভা চেয়ারম্যান কর্তৃক স্থিরকৃত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি বৎসর বোর্ডের অন্যূন চারটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, সভায় সভাপতিত্ব করিবেন।

৬। **নির্বাহী সেল**।—(১) বোর্ডের একটি নির্বাহী সেল থাকিবে, যাহার প্রধান হইবেন একজন মহা-পরিচালক।

(২) নির্বাহী সেল বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে।

(৩) মহা-পরিচালক নির্বাহী সেলের প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

৭। **নির্বাহী সেলের কার্যাবলী**।—নির্বাহী সেল বোর্ডের সচিবালয় হিসাবে কাজ করিবে এবং নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথা:—

(ক) জোনের নির্মাণ কাজের জন্য ভবন নির্মাণ ও অন্যান্য যন্ত্রপাতি এবং রপ্তানী প্রক্রিয়াকরণের জন্য মোড়ক উপকরণ, কাঁচামাল এবং আনুষংগিক মালামাল আমদানী করার স্বার্থে কাস্টম প্রবিধান মোতাবেক কাস্টম বণ্ডেড সুবিধাদির ব্যবস্থা করা;

(খ) কাস্টম বণ্ডেড শর্তাধীন আমদানীকৃত কাঁচামাল এবং আনুষংগিক মালামাল পরিবহন এবং উৎপাদিত পণ্যের রপ্তানীর জন্য সরকার এবং বন্দর, পৌর ও অন্যান্য কর্তৃপক্ষের সহিত যোগাযোগ স্থাপন করা;

(গ) জোনের শুল্ক কর্তৃপক্ষের কর্মতৎপরতা পর্যবেক্ষণ ও মনিটর করা;

(ঘ) জোনের পুলিশ ফাঁড়ির কর্মতৎপরতা পর্যবেক্ষণ ও মনিটর করা;

(ঙ) জোনে বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলি-যোগাযোগ এবং সেবামূলক প্রয়োজন সরবরাহ বা, ক্ষেত্রমত, স্থাপন নিশ্চিত করার উদ্দেশ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

(চ) উদ্যোক্তা কোম্পানী ও জোনের বিনিয়োগকারী কোম্পানীর নিবন্ধনের ব্যাপারে এবং এমন অন্যান্য বিষয়ে, যাহা উহাদের কর্মকাণ্ড পরিচালনা এবং বৈদেশিক মুদ্রার লেন-দেনের সহায়ক, সাহায্য করা ;

(ছ) আমদানী এবং রপ্তানী পারমিট ইস্যু এবং শুল্ক সম্পর্কিত অন্যান্য বিষয়ে উদ্যোক্তা কোম্পানীকে নীতি-নির্দেশাবলী প্রদান করা ;

(জ) উদ্যোক্তা কোম্পানীর কর্মকাণ্ড তদারক ও মনিটর করা ;

(ঝ) কাষ্টম বণ্ডেড শর্তাধীনে আমদানীকৃত কাঁচামাল এবং আনুষংগিক মালামাল পরিবহন এবং উৎপাদিত পণ্য রপ্তানীকরণে সাহায্য করা;

(ঞ) বাংলাদেশ ব্যাংকের সহিত আলোচনাক্রমে জোনে ব্যাংকিং সুবিধাদির ব্যবস্থা করা;

(ট) কোন জোনের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় বিশেষজ্ঞ পাওয়া না গেলে উহার কোন পদে সময় সময় প্রদত্ত সরকারী নীতি নির্দেশাবলী মোতাবেক বিদেশী নাগরিকের নিয়োগদানে অনুমোদন প্রদান করা;

(ঠ) বোর্ডের অনুমোদন সাপেক্ষে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে চুক্তি সম্পাদন করা;

(ড) এই আইন কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড কর্তৃক নির্দেশিত অন্যান্য সকল কাজ করা;

(ঢ) উপরিউল্লিখিত কার্যাদির প্রাসংগিক অন্যান্য কার্য করা।

৮। নির্বাহী সেলের কর্মকর্তা, কর্মচারী ইত্যাদি, নিয়োগ।—নির্বাহী সেলের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে বোর্ড, তদকর্তৃক, সময় সময়, নির্ধারিত সংখ্যক কর্মকর্তা, উপদেষ্টা, বিশেষজ্ঞ এবং কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলীও বোর্ড কর্তৃক স্থিরকৃত হইবে।

৯। কমিটি।—(১) বোর্ড, উহার এবং নির্বাহী সেলের কার্যাবলী সম্পাদন সহায়তা প্রদানের জন্য, সময় সময়, এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি বোর্ড কর্তৃক নির্ধারিত সংখ্যক সদস্য সমন্বয়ে গঠিত হইবে এবং উহা বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে কার্য সম্পাদন করিবে।

১০। জোনের জায়গা নির্বাচন, ইত্যাদি।—(১) বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জোনের জায়গা নির্বাচনের জন্য কোন উদ্যোক্তা কোম্পানীকে অনুমতি পত্র প্রদান করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত অনুমতিপত্রের ভিত্তিতে কোন উদ্যোক্তা কোম্পানী জোনের জন্য জায়গা নির্বাচন করিতে এবং তজ্জনিত কারণে অন্যান্য আনুষংগিক কার্য করিতে পারিবে।

১১। জোন ঘোষণা, ইত্যাদি।—(১) বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপনে দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন জায়গা, ধারা ১০ এর অধীন নির্বাচিত হউক না হউক, লইয়া জোন ঘোষণা দিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন ঘোষিত জায়গায় কোন জোন প্রতিষ্ঠার জন্য বোর্ড কোন উদ্যোক্তা কোম্পানীকে লাইসেন্স মঞ্জুর করিতে পারিবে।

(৩) বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে মঞ্জুরীকৃত লাইসেন্স ব্যতীত কোন উদ্যোক্তা কোম্পানী কোন জোন প্রতিষ্ঠা করিবে না।

(৪) এই ধারার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্স, উহাতে উল্লিখিত শর্ত, যদি থাকে, যাহা এই আইন ও প্রবিধানে উল্লিখিত শর্তের অতিরিক্ত হইবে, সাপেক্ষে কার্যকর হইবে।

১২। জোনের জন্য জমি অধিগ্রহণ।—(১) কোন জমি কোন জোনের জন্য প্রয়োজন হইলে, উক্ত জমি সরকার উক্ত জোনের জন্য Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (II of 1982) এর অধীন অধিগ্রহণ করিতে পারিবে এবং অধিগ্রহণকৃত উক্ত জমি জনস্বার্থে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণসহ, অন্য যে কোন বিষয়ে উক্ত আইনেরও তদধীন প্রণীত বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৩। উদ্যোক্তা কোম্পানীর দায়িত্ব, ইত্যাদি।—(১) উহার সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, উদ্যোক্তা কোম্পানীর নিম্নরূপ দায়িত্ব থাকিবে, যথা :—

(ক) জোনে দেশী এবং বিদেশী বিনিয়োগ উৎসাহিত ও উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার উন্নতি বিধান ও গতিসঞ্চার করা;

(খ) জোনের মাধ্যমে বাংলাদেশের রপ্তানী বৃদ্ধি দ্বারা বৈদেশিক মুদ্রা অর্জনের উৎস বহুমুখী করা;

(গ) বাংলাদেশের অর্থনৈতিক ভিত্তি প্রশস্ত এবং শক্তিশালী করার উদ্দেশ্যে জোনে শিল্প ও বাণিজ্য সংস্থা প্রতিষ্ঠা ও উন্নয়নে উৎসাহিত ও উদ্বুদ্ধ করা;

(ঘ) উন্নত প্রযুক্তির মাধ্যমে উৎপাদনশীল কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টিতে গতি সঞ্চার এবং শ্রমিক ব্যবস্থাপনার দক্ষতার উন্নতি সাধন করা;

(ঙ) প্রয়োজনে, ভবন ও পণ্যাগার সুবিধাসহ অন্যান্য অবকাঠামো সুবিধার ব্যবস্থা করা;

(চ) এই আইনের বিধান সাপেক্ষে, বোর্ড বা নির্বাহী সেল কর্তৃক নির্দেশিত যে কোন কার্য করা।

(২) কোন উদ্যোক্তা কোম্পানী উহার পরিচালনাধীন জোনে বিনিয়োগকারীদের নিকট জমি, ভবন বা ভবনের অংশ বরাদ্দ করিতে পারিবে।

১৪। শিল্প প্রতিষ্ঠান স্থাপনের অনুমতিপত্র, ইত্যাদি।—(১) শিল্প প্রতিষ্ঠান স্থাপনে আগ্রহী কোন বিনিয়োগকারী কোন জোনে শিল্প প্রতিষ্ঠান স্থাপন করার জন্য উদ্যোক্তা কোম্পানীর নিকট, এতদুদ্দেশ্যে তৎকর্তৃক নির্ধারিত ফরমে, আবেদন করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদন প্রাপ্তির পর উদ্যোক্তা কোম্পানী বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতি এবং যে ক্ষেত্রে বোর্ডের নির্ধারিত পদ্ধতি না থাকে, পরিচালকমণ্ডলী কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনের উপর কার্যক্রম গ্রহণ করিবে এবং উদ্যোক্তা কোম্পানী যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী শিল্প প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয় শর্ত পূরণ করিয়াছে, তাহা হইলে উদ্যোক্তা কোম্পানী, তৎকর্তৃক নির্ধারিত ফরমে আবেদনকারীকে শিল্প প্রতিষ্ঠান স্থাপনে অনুমতি প্রদান করিবে।

১৫। বণ্ডেড সুবিধা, ইত্যাদি।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এতদুদ্দেশ্যে প্রণীত বিধি সাপেক্ষে,—

(ক) কোন জোনে কাঁচামালসহ আমদানীকৃত কোন পণ্যের উপর কোন কাস্টম ডিউটি, মূল্যসংযোজন কর (ভ্যাট), অকট্রয়, আবগারী শুল্ক অথবা অন্য কোন মাশুল আরোপ করা হইবে না;

(খ) কোন জোন হইতে কোন পণ্য রপ্তানীর উপর কোন শুল্ক বা অন্য কোন মাশুল আরোপ করা হইবে না;

(গ) কোন জোনে আমদানীর জন্য আমদানী লাইসেন্স বা পারমিট ফি আরোপ করা হইবে না।

১৬। **Act XXXVI of 1980 এর অধীন প্রতিষ্ঠিত Zone এর জন্য প্রদত্ত রেয়াতী সুবিধার প্রয়োগ**।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (XXXVI of 1980) এর অধীন প্রতিষ্ঠিত Zone যদি কোন আইন, বিধি, প্রবিধান, প্রজ্ঞাপন বা আদেশ, সংবিধিবদ্ধ হউক বা না হউক, মোতাবেক রেয়াতী সুবিধা পাইয়া থাকে, সেই সব সুবিধা এই আইনের অধীন প্রতিষ্ঠিত জোনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৭। প্রতিবেদন, ইত্যাদি।—(১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার পর, যথাশীঘ্র সম্ভব, প্রত্যেক উদ্যোক্তা কোম্পানী উহার পরিচালনাধীন জোন বা জোনসমূহে পূর্ববর্তী বৎসরে সম্পাদিত সামগ্রীক কার্যাবলী সম্বলিত একটি প্রতিবেদন মহা-পরিচালকের নিকট দাখিল করিবে।

(২) মহা-পরিচালক, সময় সময়, প্রয়োজনমত কোন জোনের নিকট হইতে উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবেন এবং উদ্যোক্তা কোম্পানী উহা মহা-পরিচালকের নিকট সরবরাহ করিবে।

১৮। কতিপয় আইনের প্রয়োগ হইতে অব্যাহতি।—সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন জোনকে নিম্নে উল্লেখিত সকল বা যে কোন আইনের সকল বা যে কোন বিধান হইতে অব্যাহতি দিতে পারিবে, অথবা এই মর্মে নির্দেশ দিতে পারিবে যে, উক্ত সকল বা যে কোন আইনের বিধানাবলী, প্রজ্ঞাপনে বিধৃত পরিবর্তন বা সংশোধন সাপেক্ষে, কোন জোনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথাঃ—

(a) Municipality Taxation Act, 1881 (Bengal Act IX of 1881);
(b) Explosives Act, 1884 (IV of 1884);
(c) Stamp Act, 1899 (II of 1899);
(d) Electricity Act, 1910 (IX of 1910);
(e) Boilers Act, 1923 (V of 1923);
(f) Excises and Salt Act, 1944 (I of 1944);
(g) Foreign Exchange Regulation Act, 1947 (VII of 1947);
(h) Building Construction Act, 1952 (E. B. Act II of 1953);
(i) Fire Services Ordinance, 1959 (E. P. Ord. XVII of 1959);
(j) Factories Act, 1965 (E. P. Act, IV of 1965);
(k) Employment of Labour (Standing Orders) Act, 1965 (VIII of 1965);

(l) Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969);
(m) Land Development Tax Ordinance, 1976 (XLII of 1976);
(n) Pourashava Ordinance, 1977 (XXVI of 1977);
(o) Chittagong City Corporation Ordinance, 1982 (XXV of 1982);
(p) Local Government (Union Parishads) Ordinance, 1983 (LI of 1983);
(q) Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983);
(r) Income-Tax Ordinance, 1984 (XXXVI of 1984);
(s) Khulna City Corporation Ordinance, 1984 (LXXII of 1984);
(t) Rajshahi City Corporation Act, 1987 (XXXVIII of 1987);
(u) Companies Act, 1994 (Act 18 of 1994);
(v) Such other laws for the time being in force as may be specified by the Government from time to time by notification in the official gazette.

১৯। **লাইসেন্স, ইত্যাদি বাতিল।**—(১) বোর্ড যদি, নির্বাহী সেলের প্রতিবেদনের ভিত্তিতে, এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন লাইসেন্স প্রাপক বা অনুমতিপত্র প্রাপক এই আইন বা প্রবিধান এর কোন বিধান বা লাইসেন্সের বা, ক্ষেত্রমত, অনুমতিপত্রের কোন শর্ত ভংগ করিয়াছেন অথবা এই আইনে প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত কোন আদেশ বা নির্দেশ অনুযায়ী কাজ করিতে ব্যর্থ হইয়াছেন, তাহা হইলে বোর্ড সংশ্লিষ্ট লাইসেন্স বা অনুমতিপত্র বাতিল বা প্রত্যাহার করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, লাইসেন্স বা অনুমতিপত্র প্রাপককে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান না করিয়া কোন লাইসেন্স বা অনুমতিপত্র বাতিল বা প্রত্যাহার করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন লাইসেন্স বা অনুমতিপত্র বাতিল বা প্রত্যাহার আদেশের বিরুদ্ধে বিক্ষুব্ধ কোম্পানী সরকারের নিকট আপীল করিতে পারিবে এবং আপীলে প্রদত্ত সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

২০। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের সহিত অসামঞ্জস্য না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২১। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।**—এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে :

তবে শর্ত থাকে যে, এই আইন ও ইহার ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

আবুল হাশেম
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।